দৈনিক বাংলা

তারিখ ২৯।১।৮১

পৃষ্ঠা ৫ কলাম ৩



# বৃত্তিমূলক শিক্ষার ওপর জোর দেওয়া হচ্ছে : শাহ আজিজ

দৌলতপুর (কুষ্টিয়া), ২৮শে জানুয়ারী (বাসস)।— প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান আজ এখানে বলেন, বর্তমান সরকার বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের ওপর বিশেষ জোর দিয়েছে।

প্রধানমন্ত্রী এখানে হার্সনাবাদে বৃত্তিমূলক ইনস্টিটিউটের নির্মাণ-স্থল পরিদর্শন করেন। তিনি সর্ব-স্তরের নাগরিকদের এক সমাবেশে ভাষণও দেন।

শাহ আজিজ বলেন, এ ইনস্টিটি-উট থেকে যেসব ছাত্র ও প্রশিক্ষার্থী পাস করে বেরোবে, দেশে এবং বিদেশে তাদের ভাল চাকরিতে নিয়োগ করা হবে।

তিনি বলেন, শিক্ষাকে সামগ্রিক-ভাবে বৃত্তিমুখী হতে হবে। সমাজের চাহিদার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ করার জন্যে যথা সময়ে এ ইনস্টিটিউটের আরও সম্প্রসারণ করা হবে।

প্রধানমন্ত্রী বৃত্তিমূলক ইনস্টিটি-উট সংলগ্ন পুনর্খননকৃত হিশুয়া খালও পরিদর্শন করেন এবং কৃষক-দের সঙ্গে উৎপাদন ক্ষমতা বাড়ানোর জন্যে প্রয়োজনীয় সেচ সুবিধা প্রসা-রের ব্যাপারে আলোচনা করেন।

পরে, তিনি কয়েকটি স্থানীয় হাইস্কুল পরিদর্শন করেন এবং শিক্ষক ও ছাত্রদের প্রতি খাল খনন ও গণসাক্ষরতা কার্যক্রমে পুরোপুরি শামিল হওয়ার আহবান জানান।